বাগেরহাটে কমিউনিটি ব্যাংকের এটিএম বুথের উদ্বোধন

বাগেরহাটে কমিউনিটি ব্যাংকের এটিএম বুথের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে বাগেরহাট পুরাতন পুলিশ লাইনের সামনে ফিতা কেটে এই এটিএম বুথের উদ্বোধন করেন, বাগেরহটের পুলিশ সুপার পংকজ চন্দ্র রায়।

এসময় অন্যান্যের মধ্যে অতিরিক্ত পুলিশ সুপার মোঃ শাফিন মাহমুদ, কমিউনিটি ব্যাংকের ট্রেইনি অফিসার নুর আলম ফিরোজ সবুজ, বাগেরহাট প্রেসক্লাবের সাবেক সভাপতি বাবুল সরদার, আহাদ উদ্দীন হায়দার, ডিআই-১ আলী নেওয়াজসহ পুলিশ বিভাগের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

পুলিশ সুপার বলেন, এই ব্যাংকটি শুধু পুলিশের ব্যাংক নয়, এটি সবার ব্যাংক। সবাই এখান থেকে সমান সুযোগ পাবে।

ভিডিও রিপোর্ট :